

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি দপ্তর

\*\*\*\*\*

স-৩০২৫

আগরতলা, ১২ মার্চ, ২০২৫

**ক্লাসিক্যাল সোয়াইন ফিভার নিয়ে রাজ্যস্তরীয় সেমিনার**

গতকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে শূকরের “ক্লাসিক্যাল সোয়াইন ফিভার” বিষয়ে এক রাজ্যস্তরীয় সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারের উদ্বোধন করে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস রাজ্যের গ্রামীণ অর্থনীতির বিকাশে শূকর পালনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করার পরামর্শ দেন।

সেমিনারে দক্ষিণ ত্রিপুরার জলেফাতে অবস্থিত পিগ ব্রীডিং ফার্ম-এর উল্লেখযোগ্য ব্যবস্থাপনা ও উৎপাদনের কথা তুলে ধরা হয়। ভারত সরকারের পশুপালন ও ডেয়ারি শিল্প দপ্তরের আর্থিক সহায়তায় আয়োজিত এই সেমিনারে প্রায় ২০০ জন ভেটেরিনারি অফিসার অংশগ্রহণ করেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কৃষি ভিত্তিক ব্যবসার বিশেষজ্ঞ বিজয় সারদানা, ব্যাঙ্গালুরুর নিবেদীর (NIVEDI) প্রিন্সিপাল সায়েন্টিস্ট ড. এস এন বর্মন, পশ্চিমবঙ্গের প্রিন্সিপাল সায়েন্টিস্ট ড. অর্ণব সেন এবং ত্রিপুরা সরকারের প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সচিব দীপা ডি নায়ার। স্বাগত বক্তব্য রাখেন দপ্তরের অতিরিক্ত সচিব তথা অধিকর্তা ড. এন কে চঞ্চল। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*